

বারডেম জেনারেল হাসপাতাল
(বাংলাদেশ ডায়াবেটিক সমিতির একটি প্রতিষ্ঠান)

ইব্রাহিম মেমোরিয়াল ডায়াবেটিস সেন্টার,
১২২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা- ১০০০।

ফোন : ৮৬১৬৬৪১-৫০, ৯৬৬১৫৫১-৬০/এক্স-২২০৮ ফ্যাক্স: ৮৮০২-৯৬৬৭৮১২ ক্যাবল: বারডেম।

নং বারডেম/প্রশাসন/ক্রয়/কাভার্ড পিকআপ ভ্যান ভাড়া / ২০২১/ ৬২৩

তারিখ : ১৫ 'ফেব্রুয়ারি' ২০২১ খ্রিঃ

“জরুরী কোটেশন বিজ্ঞপ্তি”

বারডেম জেনারেল হাসপাতাল-২(মহিলা ও শিশু) এর ভর্তিকৃত রোগীদের খাবার শাহাবাগস্থ বারডেম থেকে সেগুন বাগিচা বারডেম-২ (মহিলা ও শিশু) এ পৌছানোর কাজে ব্যবহারের জন্য একটি কাভার্ড পিকআপ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া নেয়া হবে। কাভার্ড পিকআপ ভ্যান সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে আগামী ২২ ফেব্রুয়ারি ২০২১ইং তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সীলড কোটেশন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ :

- কাভার্ড পিকআপ ভ্যান এক টনের টিপটপ কন্ডিশন হতে হবে।
- সকাল ৬.৩০ ঘটিকা থেকে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত খাবার পরিবহনের কাজে ব্যবহার করা হবে।
- দিনে তিনবার শাহাবাগস্থ বারডেম থেকে সেগুন বাগিচা বারডেম-২ (মহিলা ও শিশু) এ খাবার পৌছাতে হবে।
- কাভার্ড পিকআপ ভ্যান পরিচালনার সকল খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে, বারডেম কর্তৃপক্ষ শুধু মাস শেষে চুক্তি অনুযায়ী ভাড়া প্রদান করবে। বিধি মোতাবেক সরবরাহকারীর দাখিলকৃত বিল থেকে ভ্যাট-ট্যাক্স কর্তন করা হবে।
- কাভার্ড পিকআপ ভ্যান চুক্তি কালীন সময়ে বারডেমের ভিতরে রাখতে হবে।
- সপ্তাহে সাত দিনই খাবার সরবরাহ করতে হবে। কোন ক্রমেই সার্ভিস বন্ধ রাখা যাবে না, প্রয়োজ্য ক্ষেত্রে গাড়ীর সার্ভিসিং করার সময় বিকল্প কাভার্ড ভ্যানের ব্যবস্থা রাখতে হবে, যার সকল খরচ কাভার্ড ভ্যান সরবরাহ কারীকেই বহন করতে হবে।
- কাভার্ড ভ্যান পরিচালনার জন্য প্রয়োজনীয় বৈধ কাগজপত্র থাকতে হবে।
- মনোনীত প্রতিষ্ঠানের কাভার্ড পিকআপ ভ্যানের সামনে জরুরী শিশু খাদ্য ও রোগীদের পথ্য সরবরাহের কাজে নিয়োজিত লেখা থাকতে হবে।
- মনোনীত প্রতিষ্ঠানের সঙ্গে পরবর্তীতে চুক্তি স্বাক্ষর করা হবে যাতে সকল শর্ত বিস্তারিত উল্লেখ থাকবে।
- কোটেশন দাতার স্বাক্ষর, নাম, পদবী ও সীল দিয়ে কথায় ও অঙ্কে দর দাখিল করতে হবে।
- কোনো প্রকার ঘষামাজা, ছেঁড়া-কাটাকাটি, ফুইডিং অথবা ওভার রাইটিং থাকলে কোটেশন বাতিল বলে গণ্য হবে এবং এই বিষয়ে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ, অস্পষ্ট, শর্তযুক্ত ও বিলম্বে দাখিলকৃত কোটেশন গ্রহণ করা হবে না।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নহেন এবং কোন কারণ দর্শানো বা ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে সম্পূর্ণ বা আংশিক কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- এতদসংক্রান্ত যে কোন তথ্যাবলী অত্র প্রতিষ্ঠানের তৃতীয় তলা কিচেন শাখার ৩০১ নং কক্ষ থেকে জানা যাবে।
- সীলমোহরকৃত কোটেশন যুগ্ম- পরিচালক (হাসপাতাল প্রশাসন), কক্ষ নং- ৫১৬ তে দাখিল করতে হবে।

আপনাদের প্রতিষ্ঠান যদি আগ্রহী হয় তবে উল্লেখিত তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে


সুমন কুমার

প্রকিউরমেন্ট অফিসার

বারডেম জেনারেল হাসপাতাল।

অনুলিপি :-

- ০১) নোটিশ বোর্ড : বারডেম জেনারেল হাসপাতাল, ঢাকা।
- ০২) নোটিশ বোর্ড : কাকরাইল, গাড়ী মার্কেট, ঢাকা।
- ০৩) নোটিশ বোর্ড : তেজগাঁও কাভার্ড ভ্যান স্ট্যান্ড, ঢাকা।
- ০৪) আই.এম.ইউ ইনচার্জ, বাডাস (বিজ্ঞপ্তি বাডাস ওয়েব সাইডে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
- ০৫) অফিস কপি।